

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
www.abak-rdcd.gov.bd
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৭.১৯.৪৪৬

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬

০২ অক্টোবর ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান।

জনাব দুর্লভ তালুকদার, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম-কে সমিতির অর্থ হস্তমজুদ, প্রকল্পের কাজে চরম অনীহা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ নানাবিধ কারণে প্রকল্প সদর কার্যালয়ের ০৭.০৪.২০১৯ তারিখ ১১৩ সংখ্যক স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু তিনি অদ্যাবধি কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেননি। তাছাড়া তার দায়িত্বপ্রাপ্ত ফরহাদাবাদ ইউনিয়নের বিভিন্ন সমিতি হতে ৩,০০,১৩০ (তিন লক্ষ একশত ত্রিশ) টাকা হস্তমজুদ করেছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করেছেন।

০২। বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসাদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে প্রকল্পের চাকুরিতে বহাল রাখা কোনোভাবেই সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে।

০৩। এমতাবস্থায়, সমিতির অর্থ হস্তমজুদ এবং প্রকল্পের কাজে চরম গাফিলতিসহ নানাবিধ কারণে প্রকল্পের অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ৬ নং শর্ত অনুযায়ী প্রকল্পের চাকুরি হতে তাকে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে আত্মসাতকৃত/হস্তমজুদকৃত ৩,০০,১৩০ (তিন লক্ষ একশত ত্রিশ) টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। আত্মসাতকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম-কে অনুরোধ করা হলো। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব দুর্লভ তালুকদার-এর বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



৩-১০-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

জনাব দুর্লভ তালুকদার, মাঠসহকারী, আমার বাড়ি আমার
খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৭.১৯.৪৪৬/১(৯)

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬
০২ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, চট্টগ্রাম।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৯) সংশ্লিষ্ট নথি।



৩-১০-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)